



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক



৬ মে ২০২৩-শনিবার উদ্ভিদবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১৬তম ব্যাচের শিক্ষার্থী মেহেদী হাসান শাওন চিকিৎসারত অবস্থায় শেখ হাসিনা বার্ন ইউনিটে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ২২ বছর। মেহেদী হাসানের গ্রামের বাড়ি নাটোর জেলায়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছে।

উল্লেখ্য মেহেদী গত ১ মে ২০২৩ তারিখে রাজধানীর ধুপখোলা গ্যাস লিকেজ দুর্ঘটনায় আক্রান্ত হয়ে শেখ হাসিনা বার্ন ইউনিটে চিকিৎসারত অবস্থায় ছিল।